

৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব আকতার হোসেন
মহাপরিচালক (চলতি দায়িত্ব), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ৩০.০৯.২০২০ খ্রিস্টাব্দ, রোজ: বুধবার।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : গণযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৯১১)


উপস্থিতি: পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জনবান্ধব ও সেবামুখী জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন। সভায় বিভিন্ন দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক কার্যক্রম আলোচনা করা হয়। এ অধিদপ্তরের উপপরিচালক (প্রচার) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এরপর সেবাগ্রহীতা/অংশীজনদের কাছ থেকে এ বিষয়ে মতামত আহ্বান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিয়োবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবন্ধু নিয়মিত হালনাগাদ করতে হবে;
- ২। নাগরিক সেবাকে সহজ করার জন্য উদ্ভাবনী উদ্যোগ কাজে লাগাতে হবে;
- ৩। সেবা প্রক্রিয়ায় সেবা গ্রহণকারীদের অসন্তোষের বিষয়গুলো (Pain Points) চিহ্নিত করে তা নিরসনের ব্যবস্থা করতে হবে;
- ৪। অভিযোগ বন্ধে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৩০.০৯.২০
(আকতার হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩০০৬৪০
dg.masscommunication@yahoo.com

নং ১৫.৫৬.০০০০.০০১.২৭.০৯৪.২০-২২৮৬(১২)

তারিখ: ৩০.০৯.২০২০খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।
- ২। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রচার ও সমন্বয়/ কারিগরি ও প্রশিক্ষণ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপপরিচালক (প্রশাসন ও অর্থ/প্রচার/মহিলা ও সমন্বয়), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপপরিচালক, জেলা তথ্য অফিস, ঢাকা।
- ৬। রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস নথি/ওয়েবসাইট।